9. The bidders are advised to go through the detailed Terms & Conditions of e-Auction available on the Website : **https://www.baanknet.com** before submitting their bids and taking part in the e-Auction.
10. **25%** of sale price is to be paid immediately i.e. on the same day or not later than next working day including earnest money already deposited from the acceptance of bid price by the Authorised Officer in case of default property shall the sold again.
11. Balance **75%** of the said price is to be paid on or before **15th day** of the confirmation of sale of the movable/immovable property. In default of payment within the period mentioned above, the deposited shall be forfeited and property shall be resold and defaulting pruchaser shall forfeit all claim to the property or to any part of the sum for which it may be subsequently sold.

THIS NOTICE IS ALSO BE TREATED 15/30 DAYS STATUTORY SALE NOTICE TO BE BORROWER AND GUARANTORS (LRS) UNDER RULE 8(6) SARFAESI SECURITY INTEREST (ENFORCEMENT) RULES 2002

DATE : 12.07.2025 **PLACE : KOLKATA** **AUTHORISED OFFICER, PUNJAB & SIND BANK**

শহরের খবর

ভারতে ধৃত রোহিঙ্গারা বেশিরভাগই পশ্চিমবঙ্গ দিয়ে ঢুকেছে : শুভেন্দু

ভাস্কর বিশ্বাস, হাওড়া : শুক্রবার উলুবেড়িয়ায় বিজেপির এক অনুষ্ঠানে এসে বিরোধী দলনেতা শুভেন্দু অধিকারী রোহিঙ্গা ইসলামিদের বিরুদ্ধে বলেন, 'গোটা ভারতে যত রোহিঙ্গা ধরা পড়েছে, তারা বেশির ভাগই পশ্চিমবঙ্গ দিয়ে ঢুকেছে ও দেশে ছড়িয়ে পড়েছে। কোচবিহার, উত্তর দিনাজপুর, বীরভূম, হুগলি, হাওড়া, পূর্ব বর্ধমান, উত্তর ২৪ পরগনা, দক্ষিণ ২৪ পরগনা, কলকাতা প্রভৃতি জেলায় মুসলিম জনসংখ্যা বাড়িয়ে দিয়েছে, যা দেশের জনসংখ্যা বৃদ্ধির দ্বিগুণ। এই দ্বিগুণ জনসংখ্যা বৃদ্ধিতে মুসলিম জনসংখ্যা বেড়েছে, হিন্দু নয়। তাদের ভারতে রাখা উচিত নয়। ধর্মীয় উৎপীড়নের কারণে হিন্দু, শিখ, জৈন, পার্শী, খ্রিষ্টান ও বৌদ্ধ ভারতে এলে তাঁরা শরণার্থী। রোহিঙ্গা মুসলমানরা অনুপ্রবেশকারী। বাড়ি বাড়ি সমীক্ষা করা হলে বেশিরভাগ বাড়ি থেকে রোহিঙ্গা মুসলমানের নাম পাওয়া যাবে। আর তাদের ভোটার তালিকা থেকে নাম বাদ যাবে। আমরা পশ্চিমবঙ্গে হিন্দুদের ক্ষতিগ্রস্ত ও বিপন্ন হতে দেব না। হিন্দুকে কার্যত শূন্য করে দেওয়ার প্রয়াস আমরা বরদাস্ত করব না। যারা অভারতীয় তাদের ভারতীয় ভোটার লিস্টে নাম রাখা উচিত নয়।'

এদিন বিজেপির হাওড়া গ্রামীণ জেলা পার্টি অফিসে সাংবাদিক বৈঠকে তিনি তৃণমূল কংগ্রেস আর মুখ্যমন্ত্রীকেও এদিন কার্যত তুলোধোনা করেন। উল্লেখ্য, দিনকয়েক আগে হাওড়ার বাউড়িয়ায় এক অশান্তিকে কেন্দ্র করে বেশ কয়েকজন বিজেপি নেতা ও কর্মী গ্রেফতার হন। তাঁদের পুলিশি হেফাজতে অত্যাচার করা হচ্ছে বলেও এদিন অভিযোগ তোলেন শুভেন্দু। বৃহস্পতিবার ভাঙড়ে এক তৃণমূল কর্মীর গুলিবিদ্ধ হয়ে খুনের ঘটনা নিয়েও তিনি প্রতিক্রিয়া দেন। বাউড়িয়ার ঘটনায় গ্রেফতার হওয়া বিজেপি কর্মীদের জামিন না হলে বড়োসড়ো আন্দোলনে নামার হুঁশিয়ারি দেন। তিনি এদিন বলেন, 'ক্ষতিগ্রস্ত দোকানদারদের সঙ্গেও কথা হয়েছে। আইনি সহযোগিতা আমরা করব। ১৫ তারিখ নিম্ন আদালতে না হলে উচ্চ আদালতে আমরা যাব। এদের মধ্যে যাঁরা আর্থিকভাবে দুর্বল তাঁদের সহায়তা করবে বিজেপি। আহতদের চিকিৎসার দায়িত্ব নিচ্ছে বিজেপি। ক্ষতিগ্রস্ত দোকানদারদের মধ্যে যাঁরা এসেছেন তাঁদের প্রাথমিকভাবে কিছুটা সাহায্য করা হয়েছে। আরো টাকার দরকার পড়লে বিজেপির পক্ষ থেকে দেওয়া হবে। আমাদের সভাপতি ও প্রাক্তন সভাপতিসহ নেতারা জেলে গিয়ে গ্রেফতার হওয়া কর্মীদের সঙ্গে দেখা করেছেন আর তাদের পাশে থাকার বার্তা দিয়েছেন। যারা পুলিশ হেফাজতে রয়েছেন, তাঁদের পরিবারের সঙ্গে কথা বলে জানা গেল ধৃতদের ১০-১২ ঘন্টা অন্তর জিজ্ঞাসাবাদের জন্য ডাকা হচ্ছে। এমনকী তাঁদের শারীরিক নিগ্রহ করা হচ্ছে। এ অত্যন্ত উদ্বেগের। এখনই তাঁদের মেডিক্যাল টেস্টের জন্য উলুবেড়িয়া আদালতে পিটিশন করতে আইনজীবীদের নির্দেশ দিয়েছি।'

বিদ্যাসাগর বিশ্ববিদ্যালয়ে ফের প্রশ্ন বিভ্রাট

সুমনকুমার দাস, খড়গপুর : মেদিনীপুরের বিদ্যাসাগর বিশ্ববিদ্যালয়ে প্রশ্নপত্র বিতর্ক যেন পিছু ছাড়তেই চাইছে না। স্নাতক স্তরের ইতিহাস প্রশ্নপত্র নিয়ে কর্তৃপক্ষের বিরুদ্ধে প্রবল সমালোচনার ঝড় এখনও থামেনি। এরমধ্যেই ফের প্রশ্ন বিভ্রাটে এবার স্নাতক স্তরের রাষ্ট্রবিজ্ঞানের পরীক্ষা বাতিল করতে হয়েছে। অবশ্য বাতিল পরীক্ষার নতুন তারিখ জানিয়ে দেওয়া হয়েছে। শুক্রবার বিদ্যাসাগর বিশ্ববিদ্যালয়ের রাষ্ট্রবিজ্ঞানের তৃতীয় বর্ষের ষষ্ঠ সেমিস্টারের পরীক্ষা সকাল ১০টা থেকে শুরু হয়। প্রশ্নপত্র হাতে পাওয়ার পর পরীক্ষার্থীদের মধ্যে ক্ষোভ দেখা যায়। তৃতীয় বর্ষের পড়ুয়াদের দাবি, রাষ্ট্রবিজ্ঞানের 'উওম্যান পাওয়ার অ্যান্ড পলিটিক্স' অপশনের পরীক্ষার প্রশ্ন সিলেবাসের বাইরে থেকে করা হয়েছে। পরীক্ষার্থীদের বক্তব্য, এই অপশনের প্রতিটি প্রশ্নই এসেছিল 'সিটিজনশিপ ইন আ গ্লোবালাইজিং ওয়ার্ল্ড' অপশন থেকে। বিষয়টি কর্তৃপক্ষের নজরে এলে পরীক্ষা বাতিলের বিজ্ঞপ্তি দেওয়া হয়। বিশ্ববিদ্যালয়ের কন্ট্রোলার বিপ্লব চক্রবর্তী বলেন, 'শুধুমাত্র ওই অপশনের পরীক্ষাটি বাতিল করা হয়েছে। ওই অপশনের পরীক্ষা ১৫ জুলাই নেওয়া হবে। টেকনিক্যাল সমস্যার কারণেই পরীক্ষা বাতিল করে দেওয়া হয়েছে।' বিশ্ববিদ্যালয় সূত্রে জানা গেছে, রাষ্ট্রবিজ্ঞান বিষয়ের ১টি পেপারে ওই ২টি অপশন আছে। ২টির মধ্যে যে কোনো একটি অপশন পড়ুয়ারা বেছে নিতে পারেন। শুক্রবার রাষ্ট্রবিজ্ঞানের মোট ৬০ নম্বরের এই পরীক্ষার প্রশ্নপত্রে 'উওম্যান পাওয়ার অ্যান্ড পলিটিক্স' অপশনের সব প্রশ্নই এসেছিল অন্য অপশন অর্থাৎ 'সিটিজেনশিপ ইন আ গ্লোবালাইজিং ওয়ার্ল্ড' থেকে।

ভাঙড়ে তৃণমূল নেতা খুনে গোষ্ঠীদ্বন্দ্বই দায়ী : পরিবার

জয়িতা বন্দ্যোপাধ্যায়, ভাঙড় : বৃহস্পতিবার আততায়ীদের গুলিতে খুন হয়েছেন ভাঙড়ের তৃণমূল নেতা রেজ্জাক খাঁ। তাঁর পুরো পরিবার শোকে ভেঙে পড়েছে। ডুকরে ডুকরে কাঁদছেন তাঁর স্ত্রী ও ২ সন্তান। ওই পরিবারকে আশ্বাস দিতে তাদের বাড়িতে যান তৃণমূল বিধায়ক শওকত মোল্লা। তৃণমূল নেতা রেজ্জাক খাঁয়ের খুনের ঘটনায় শুক্রবার বিকেল পর্যন্ত কাউকে গ্রেফতার করা যায়নি। ২ সন্দেহভাজনকে আটক করে জিজ্ঞাসাবাদ করছে উত্তর কাশীপুর থানার পুলিশ। খুনের ঘটনার পর ক্যানিং পূর্বের বিধায়ক শওকত মোল্লা দাবি করেছিলেন, এর পেছনে আইএসএফ আশ্রিত দুষ্কৃতীরা রয়েছে। যদিও সেই দাবি নস্যাৎ করে দিয়েছে খোদ মৃতের পরিবার। রেজ্জাকের দাদা আব্দুল কাদের বলেন, 'আইএসএফ বা কোনও বিরোধী দল নয়, তৃণমূলের গোষ্ঠীদ্বন্দ্বের জেরে ভাইকে খুন হতে হয়েছে।' তবে কী কারণে তাঁকে মারা হল, তা এখনও স্পষ্ট নয়। যদিও দলের একাংশের দাবি, ক্রমশ বড়ো নেতা হয়ে উঠেছিলেন রেজ্জাক। বিজয়গঞ্জ বাজার কার দখলে থাকবে এনিয়েও তৃণমূলের অন্দরে ২ গোষ্ঠীর মধ্যে রেষারেষি চলছিল। তার জেরেই রোষানলে পড়তে হয় রেজ্জাককে। বিজয়গঞ্জ বাজারের কিছুটা দূরেই খালপাড়ের রাস্তা রয়েছে। সেটা নির্জন এলাকা। রাস্তার দু'ধারে ঝোপঝাড় রয়েছে। পুলিশের ধারণা, আততায়ীরা সেখানেই লুকিয়ে ছিল। বিজয়গঞ্জ বাজারের কাছে রেজ্জাক আসতেই পথ আটকায় দুষ্কৃতীরা। প্রথমে তাঁকে গুলি তারপর মৃত্যু নিশ্চিত করতে কোপানো হয়েছে। বৃহস্পতিবার রাতেই ঘটনাস্থলে আসে কলকাতা পুলিশের কমিশনার মনোজ বর্মা। আনা হয় ডগ স্কোয়াডকেও। রেজ্জাক যে ওই রাস্তা দিয়েই ফিরবে, তা আগে থেকেই খবর ছিল দুষ্কৃতীদের। কারা খবর দিল, চেনা লোকজনই কি রয়েছে এর পেছনে, এমন নানা প্রশ্ন উঠেছে। রেজ্জাকের বাইকে যে দু'জন ছিলেন, ঘটনার সময় তাঁরা পালিয়ে যায় বলে খবর। তাঁদের চিহ্নিত করে পুলিশ। পরে থানায় জিজ্ঞাসাবাদের জন্য ডেকে পাঠানো হয়। অন্যদিকে, শুক্রবার সকাল থেকে বিজয়গঞ্জ বাজার যেন অঘোষিত বন্ধে পরিণত হয়েছিল। গোটা এলাকা ছিল থমথমে। দোকানপাট ছিল বন্ধ। এলাকায় লোকজনের সংখ্যাও ছিল কম। জায়গাটি ঘিরে রাখা হয়েছে। বসানো হয়েছে পুলিশ পিকেট। এদিকে রেজ্জাকের খুনের ঘটনায় ভেঙে পড়েছেন আরাবুল ইসলাম। তিনি সংবাদমধ্যমকে জানান, এই ঘটনা দলের অপূরণীয় ক্ষতি। দোষীদের গ্রেফতার করে কঠোর শাস্তি দিতে হবে। পরিবার যখন গোষ্ঠীদ্বন্দ্বের ফলে এই খুনের দাবি তুলছে তখন আরাবুল অবশ্য তার সঙ্গে একমত নয়।

কাঞ্চনে মিঠে, কৌস্তভে ঝাল ডাক্তার হেনস্থায় প্রশাসনের দুই সুর

উজ্জ্বল দত্ত, কলকাতা : বিজেপি নেতা কৌস্তভ বাগচি ও তৃণমূল কংগ্রেসের বিধায়ক কাঞ্চন মল্লিক দু'জনই ডাক্তারদের হেনস্থার পাশাপাশি হুমকি দিয়েছেন। প্রশাসন কৌস্তভ বাগচিকে আদালতে পাঠাল, আর কাঞ্চন মল্লিকের প্রতি নরম মনোভাব দেখাল। প্রশ্ন উঠল কেন প্রশাসনের দুই সুর। বুধবার, স্কুল অফ ট্রপিক্যাল মেডিসিনে বিভাগীয় প্রধানকে হুমকি দেওয়ার অভিযোগ ওঠে কাঞ্চন মল্লিকের বিরুদ্ধে। এই ঘটনায় ঊর্ধ্বতন কর্তৃপক্ষের কাছে মেডিসিনের বিভাগীয় প্রধান লিখিতভাবে অভিযোগ জানিয়েছেন। পুলিশ সূত্রে খবর, স্কুল অফ ট্রপিক্যাল মেডিসিনের ডিরেক্টর লালবাজারে কলকাতা পুলিশ কমিশনার মনোজ ভার্মাকে চিঠি দিয়েছেন। পুলিশ তদন্ত এই আবহেই বিজেপি নেতা কৌস্তভ বাগচি সোশাল মিডিয়ায় লিখেছেন, 'বারাকপুরে এক প্রাইভেট নার্সিংহোমে ডাক্তার ও ম্যানেজমেন্টের গাফিলতিতে একজন গরিব মানুষ মারা গেলেন। তার প্রতিবাদ করায়, পিসি ভাইপোর নির্দেশে, কিছু ডাক্তার সংগঠন আমার বিরুদ্ধে গর্জে উঠল, পুলিশ আমার বিরুদ্ধে মামলা রুজু করল। ওদিকে সরকারি হাসপাতালে ক্ষমতার অপব্যবহার করে হাসপাতালের বিভাগীয় প্রধানের সঙ্গে দুর্ব্যবহার ও তাঁকে বদলির হুমকি দিলেন তৃণমূল বিধায়ক কাঞ্চন মল্লিক! ডাক্তার সংগঠনগুলো কই? পুলিশ কই?' এবিষয়ে বিজেপির রাজ্য সাধারণ সম্পাদক জগন্নাথ চট্টোপাধ্যায় বলেন, 'উত্তরপাড়ার বিধায়কের যা আচরণ সেই আচরণ তো অনুকরণীয় নয়। যদি বিজেপির কোনও কার্যকর্তা বা বিধায়ক করতেন, নতুন যে মেডিক্যাল এস্টাবলিশমেন্ট অ্যাক্ট তৈরি হয়েছে, সেই আইন অনুযায়ী ব্যবস্থা হত।' তৃণমূল কংগ্রেসের রাজ্য সাধারণ সম্পাদক কুণাল ঘোষ বলেন, 'বিজেপির এক নেতাও কয়েকদিন আগে গিয়ে ডাক্তারদের সঙ্গে জঘন্য ব্যবহার করেছেন। কোনও একটা জায়গায় কাঞ্চন মল্লিক ধৈর্য ও মেজাজ নিয়ন্ত্রণ করতে পারেননি। ওই অংশটা এড়ালেই ভালো হত। সেটা তৃণমূল স্পষ্টভাবে বলেছে।' এদিকে জানা গেছে, ৭ জুলাই বারাকপুর কোর্টে আত্মসমর্পণ করে জামিন নেন কৌস্তভ বাগচি। আজ, শনিবার হাজিরা দিতে তাঁকে ফের নোটিশ পাঠিয়েছে মোহনপুর থানা। এই ঘটনায় আদালত থেকে জামিন নেওয়ার পরও কৌস্তভ বাগচীকে তৃতীয় নোটিশ পাঠাল মোহনপুর থানা।

ম্যাট্রিমনি সাইটে যোগাযোগ করে খোয়া গেল ৪৪ লাখ

অমিত চৌধুরী, হুগলি : ম্যাট্রিমনি সাইটে বিয়ের যোগাযোগ করে ৪৪ লাখ টাকা প্রতারণার অভিযোগে ২জনকে গ্রেফতার করেছে হুগলি জেলা পুলিশ। শুক্রবার সিঙ্গুরে সাংবাদিক বৈঠক করে হুগলি জেলা পুলিশের অতিরিক্ত পুলিশসুপার কল্যাণ সরকার জানান, '২৬ মে একটি অভিযোগ দায়ের হয়। ২০২৪ সালে ভারত ম্যাট্রিমনি সাইটে এক মহিলা বিবাহের জন্য অ্যাকাউন্ট খোলেন। সেখানেই পরিচয় হয় অনুপম রায় নামে ফেক আইডির একজনের সঙ্গে। দক্ষিণ কলকাতার রাইসমিল ব্যবসায়ী হিসেবে সে নিজেকে পরিচয় দেয়। ওই মহিলা ও বাড়ির সকলের সঙ্গে ফোনে কথা হত। মহিলার পরিবারের বিশ্বাস অর্জন করে অভিযুক্ত। তবে কোনোদিন দেখা হয়নি। চলতি বছরের জানুয়ারি মাসের মাঝামাঝি অভিযুক্ত জানায়, জিএসটি ও অন্যান্য ট্যাক্স জমা দিতে না পারায় তার সব ব্যাঙ্ক অ্যাকাউন্ট বন্ধ হয়ে গেছে। সহযোগিতা চায় মহিলার পরিবারের কাছে। কয়েক দফায় মহিলার পরিবার নানা অ্যাকাউন্ট থেকে ৪৪ লাখ টাকা পাঠায় প্রতারকের পাঠানো কয়েকটি অ্যাকাউন্টে। এরপর ম্যাট্রিমনি সাইটে কিছুদিন পর ওই অ্যাকাউন্টটি বন্ধ করে দেওয়া হয়। যোগাযোগ বিচ্ছিন্ন হয়ে যায়। প্রতারিত হয়েছেন বুঝে ওই মহিলা পুলিশের কাছে যান। তদন্ত শুরু করে পুলিশ। টাকা লেনদেনের তথ্য দেখে ঝাড়খণ্ডের অভিষেক রায়কে চিহ্নিত করা হয়। ৩ জুলাই অভিষেক রায়কে গ্রেফতার করা হয়। তার অ্যাকাউন্টেই লেনদেন হয় ৩২ লাখ টাকা। খানাকুল থেকে ১০ জুলাই গ্রেফতার হয় জাহির আব্বাস। এখনো পর্যন্ত উদ্ধার হয়েছে, ৩টি মোবাইল, ব্যাঙ্কের পাস বই, ২টি এটিএম কার্ড ও সাড়ে ৬ লাখ টাকা। এখনো অধরা এক অভিযুক্ত।

গলসির যুবতীর ওপর অত্যাচারের ঘটনা খতিয়ে দেখল জাতীয় মহিলা কমিশন

বিপুন ভট্টাচার্য, বর্ধমান : বর্ধমানের গলসির এক যুবতীর ওপর অত্যাচারের ঘটনার তদন্তে এলেন জাতীয় মহিলা কমিশনের সদস্যা অর্চনা মজুমদার। শুক্রবার তিনি গলসিতে ওই নির্যাতিতার বাড়িতে গিয়ে ৩ মে তাঁর সঙ্গে যে অত্যাচারের ঘটনা ঘটেছে তার বিবরণ শোনেন। ওই নির্যাতিতার মা জানান, গলসির এক যুবকের অফিসে ২৪ মার্চ কাজে যোগ দিয়েছিল তার মেয়ে। ওই যুবক বাড়িতে এসে জোর করে কাজে যোগ দেওয়ায়। কাজে যোগ দেওয়ার পর এই অত্যাচারের ঘটনা ঘটে। ওই যুবকের স্ত্রীই প্রথমে ফোন করে এই ঘটনার কথা তাঁকে জানান। তা শুনেই তাঁরা গলসি থানায় যান। দীর্ঘক্ষণ তাঁদের বসিয়ে রাখা হয়। পুলিশের পায়ে হাতে ধরেও মেয়েকে খোঁজার জন্য রাজি করাতে পারেননি। রাত ১টা ২০ মিনিট নাগাদ মেয়েটি ফোন করে জানান তিনি এক জঙ্গলে পড়ে আছেন। ওই পরিবার খুঁজতে বের হয়ে কাউকে পায়নি। ফের থানায় যায়। সকাল হওয়ার পরে পুলিশ বের হয়। জাতীয় সড়কের পাশের এক জঙ্গল থেকে মেয়েটিকে উদ্ধার করা হয়। এদিন জাতীয় মহিলা কমিশনের সদস্যার কাছে ওই নির্যাতিতা জানান, 'ঘটনার দিন সকাল সাড়ে ১০টা নাগাদ কাজের জায়গায় টিফিন খাই, তারপর জল খাই। সেই জলে বিষাক্ত কিছু মিশিয়ে দিয়েছিল দোকানের মালিক। হোটেলে নিয়ে গিয়ে শারীরিক অত্যাচার করে। জোর করে মদ, সিগারেট খাওয়ায়। একাধিকবার ধর্ষণ করে।' এদিন অর্চনা মজুমদার বলেন, 'মেয়েটির বাবা-মা যখন আকুতি মিনতি করছেন তখন পুলিশ সাড়ে পাঁচটার সময় যাচ্ছে। সরকার কি এই মেয়েগুলোর জন্য দায়বদ্ধ নয়? যেহেতু তাঁর মেডিক্যাল রিপোর্ট নেই, পুলিশ ১৬৪ করায়নি, অভিযুক্ত কলার তুলে ঘুরে বেড়াচ্ছে। আমরা অ্যাকশন টেকেন রিপোর্ট চাইব। যে গাফিলতি আছে, যা যা নির্দেশ দেওয়ার সেটা দেব।'

রাম প্রসাদের ভিটে উন্নয়নের জন্য রাজ্য সরকারের টাকা বরাদ্দ

প্রতীতি ঘোষ, বারাকপুর : দীর্ঘ অবহেলার পর অবশেষে ইতিহাস বিজড়িত রাম প্রসাদের ভিটে উন্নয়নের জন্য টাকা বরাদ্দ করল রাজ্য সরকার। খুব শিগগিরই শুরু হবে এর সৌন্দর্যায়নের কাজ। বারাকপুর শিল্পাঞ্চলের আনাচেকানাচে অনেক ঐতিহাসিক স্থান রয়েছে এর মধ্যে অন্যতম হালিশহরে ইতিহাস বিজড়িত সাধক কবি রামপ্রসাদ সেনের ভিটে। 'মন রে কৃষি কাজ জানো না' বিখ্যাত এই শ্যামা সঙ্গীতটি রচনা করেছিলেন সাধক কবি রামপ্রসাদ সেন। যাঁর সঙ্গে শ্যামা মায়ের নিবিড় ও আত্মিক সম্পর্ক ছিল। আজও সেই ইতিহাস উজ্জ্বল হয়ে রয়েছে হালিশহরে তাঁর বসত ভিটেতে। এখনো সেখানে মহা সমারোহে পূজিত হন মা কালী। ইতিহাস বলছে, এই ভিটেতে মা কালী সাধক রাম প্রসাদের কন্যা রূপ নিয়ে এসে তাঁকে দেখা দিয়ে তাঁর বাঁধা শ্যামা সঙ্গীত শুনতেন। এবার এই ঐতিহাসিক স্থানটি ঢেলে সাজাতে রাজ্য সরকারের পক্ষ থেকে ৪৯ লাখ টাকা দেওয়া হবে বলে খবর। হালিশহর পুরসভার পুরপ্রধান শুভঙ্কর ঘোষ জানান, 'ওই ইতিহাসকে মানুষের কাছে আরো বেশি করে পৌঁছে দিতে, দর্শনার্থীদের আরো মনোরম পরিবেশ উপহার দিতে রাজ্য সরকারের দেওয়া অনুদানে শুরু হবে উন্নয়নের কাজ।' তবে রাম প্রসাদের ভিটের রক্ষণাবেক্ষণকারী কমিটির দাবি, কী কী কাজ সেখানে করা হবে তা নিয়ে তাদের সঙ্গে কোনো কথা পুরসভার হয়নি।

দুঃস্থ পড়ুয়াদের ৫২ হাজার টাকার বৃত্তি

বিপুন ভট্টাচার্য, বর্ধমান : বর্ধমান সদর প্যায়ারা নিউট্রিশন ওয়েলফেয়ার সোসাইটির চতুর্থ জন্মদিবস উপলক্ষ্যে বর্ধমান জেলার ১৮জন দুঃস্থ মেধাবী ছাত্রছাত্রীদের হাতে এককালীন মোট ৫২০০০ টাকার বৃত্তি তুলে দেওয়া হয়। রবীন্দ্রভবন অ্যানেক্স বিল্ডিংয়ে আয়োজিত এই অনুষ্ঠানের উদ্বোধন করেন স্বামী ত্রিবেদানন্দ পুরী মহারাজ। এদিন বর্ধমান শহরের লালকল বস্তি, মল্লিকপুকুর বস্তি, রানিবাগান বস্তি ও কোঁড়াপাড়া বস্তি এলাকার মোট ৪০টি শিশুর হাতে একমাসের জন্য উচ্চ প্রোটিন ও কার্বোহাইডেট জাতীয় খাবার দেওয়া হয়। এছাড়াও চেন্নাই থেকে সোসাইটিতে ইন্টার্নশিপ করতে আসা বিটেক বায়োটেকনোলজির ছাত্রী অদৃজা পালের হাতে শংসাপত্র তুলে দেওয়া হয়। সোসাইটির সম্পাদক প্রলয় মজুমদার বলেন, 'গত ২মাসের চেষ্টায় সোসাইটি এই মান ২৫% নামিয়ে আনতে পেরেছে।'

KUSUMDA GRAM PANCHAYAT
Mundamari, Pingla, Paschim Medinipur

NOTICE INVITING e-TENDER

Memo No. 296/KUS Dated- 02/07/2025

NIT No. WB/PMZP/PINGLA/KUS/NIET-5-16 / 2025-26

The Pradhan, Kusmda Gram Panchayat invites e-tenders for Construction Work (5th SFC Tied Fund) under Pingla Block. Intending bidders may access detailed information & download tender documents from e-procurement portal of Govt. website **https ://wbtenders.gov.in** on and from **04.07.2025 at 10.00 hrs. to 12.07.25 at 17.00 hours.**

Sd/- Pradhan
Kusumda Gram Panchayat

বিজ্ঞপ্তি

এতদ্বারা সর্বসাধারণকে জানানো যাইতেছে যে আমার মক্কেল রাধা মুখার্জি, পিতা- তারক চ্যাটার্জী, সাকিম- বোলপুর ভুবনডাঙ্গা উত্তরপাড়া, পোষ্ট + থানা- বোলপুর, জেলা- বীরভূম। মৌজা- তালতোড়, জে এল ৬৯, আর এস ও এল আর দাগ নং- ৩৭৪, খতিয়ান নং- ২৩৮৭ হইতে ০৫ শতক জমি। শ্রীমতী সম্পূর্ণা ভৌমিক, স্বামী- সৌমিত্র ভৌমিক, সাকিম- কে.সি ৮ অশ্বিনীনগর, বাগুইহাটি, পোষ্ট + থানা- রাজারহাট, জেলা- উত্তর ২৪ পরগনা উহার আমোক্তার শ্রীমতী কস্তুরী রায়, স্বামী- দীপঙ্কর রায়, সাকিম অন্নপূর্ণাপল্লী কালিকাপুর, পোষ্ট + থানা- বোলপুর, জেলা- বীরভূম। ইংরেজির ১৩/০৬/২০২২ তারিখে বোলপুর এ.ডি.এস.আর অফিসে রেজিস্ট্রিকৃত ১ নং বহির ৭০৬৩ নং আমোক্তারনামা দলিল প্রদান করেন। উক্ত দলিলমূলে ১৮/০২/২০২৫ তারিখে বোলপুর এ.ডি.এস.আর উক্ত রেজিস্ট্রিকৃত তফসিল ভুক্ত জমি ১৭২১/২৫ দলিলমূলে আমোক্তারের কাছ হইতে আমার মক্কেল ক্রয় করেন। এক্ষণ আমার মক্কেল তাহার নামে বোলপুর বি এল এন্ড এল আর ও অফিসে নাম পরিবর্তনের জন্য দরখাস্ত দায়ের করবেন। উক্ত বিষয়ে কাহারো কোনো আপত্তি থাকিলে নিম্ন স্বাক্ষরকারী বা বোলপুর বি এল এন্ড এল আর ও অফিসে এই বিজ্ঞপ্তি প্রকাশের ০৭(সাত) দিনের মধ্যে লিখিত করে উপযুক্ত কারণ জানাইবেন। অন্যথায় যথাযথ ব্যবস্থা গ্রহণ করা হইবে।

Sumana Debnath,
Advocate, Bolpur Court

লিংক লিমিটেড **LINC**

CIN NO. : L36991WB1994PLC065583

রেজিস্টার্ড অফিস : অরোরা ওয়াটার ফ্রন্ট, ১৮ তল, জিএন-৩৪/১, সল্টলেক, সেক্টর-V, কলকাতা - ৭০০ ০৯১, ফোন : (০৩৩) ৬৮২৬ ২১০০
ওয়েবসাইট : www.linclimited.com, ই-মেল : investors@linclimited.com

শেয়ারহোল্ডারদের উদ্দেশ্যে বিজ্ঞপ্তি
ইনভেস্টর এডুকেশন অ্যান্ড প্রোটেকশন ফান্ড (আইইপিএফ) অথরিটির ডিম্যাট অ্যাকাউন্টে ইক্যুইটি শেয়ারের হস্তান্তরের বিজ্ঞপ্তি

এতদ্বারা বিজ্ঞাপিত করা হচ্ছে যে, কোম্পানীজ অ্যাক্ট ২০১৩-এর সেকশন ১২৪(৬) সহ ইনভেস্টর এডুকেশন অ্যান্ড প্রোটেকশন ফান্ড অথরিটি (অ্যাকাউন্টিং, অডিট, ট্রান্সফার ও রিফান্ড) রুলস, ২০১৬, পরিবর্তিত -এর রুল অনুযায়ী, পর পর ৭ বছর বা তারও বেশি সময় ধরে যে লভ্যাংশ দাবিহীন / অপ্রদত্ত আছে, সেগুলি কোম্পানী ইনভেস্টর এডুকেশন অ্যান্ড প্রোটেকশন ফান্ড অথরিটি (আই ই পি এফ) ডিম্যাট অ্যাকাউন্টে স্থানান্তরিত করবে।

কোম্পানী ইতিমধ্যেই আলাদাভাবে সেই সকল শেয়ারহোল্ডারদের, যাদের শেয়ার উক্ত রুলের আওতায় আইইপিএফ অথরিটির ডিম্যাট অ্যাকাউন্টে হস্তান্তরের যোগ্য, তাদের সর্বশেষ জানা ঠিকানায় যোগাযোগ করেছে। কোম্পানী এই সকল শেয়ারহোল্ডারদের বিস্তারিত বিবরণ এবং আইইপিএফ অথরিটির ডিম্যাট অ্যাকাউন্টে হস্তান্তরের যোগ্য শেয়ারের বিষয়ে ওয়েবসাইট www.linclimited.com-তে আপলোড করেছে।

শেয়ারহোল্ডারদের, যাদের ২০১৭-১৮ অর্থবর্ষের ও তার পরের লভ্যাংশ এখনও তোলেন নি তাদের অনুরোধ করা হচ্ছে ১৫ সেপ্টেম্বর, ২০২৫ তারিখের মধ্যে সেগুলি দাবি করার জন্য, অন্যথায় আইইপিএফ অথরিটির ডিম্যাট অ্যাকাউন্টে হস্তান্তরের ক্ষেত্রে পরবর্তীকালে কোনো দাবি গ্রহণযোগ্য হবে না।

উপরোক্ত বিষয়ে শেয়ারহোল্ডারদের যদি কোনও প্রশ্ন থাকে, তবে যোগাযোগ করতে পারেন কোম্পানীর রেজিস্ট্রার ও শেয়ারট্রান্সফার এজেন্টস-এর কাছে এই ঠিকানায় : মেসার্স মাহেশ্বরী ডেটামেটিক্স প্রাইভেট লিমিটেড, ঠিকানা : ২৩, আর.এন. মুখার্জী রোড, পঞ্চম তল, কলকাতা - ৭০০ ০০১, ফোন : ০৩৩ ২২৪৮ ২২৪৮ / ২২৪৩ ৫০২৯, ই-মেল : mdpldc@yahoo.com.

লিংক লিমিটেড-এর পক্ষে
স্বাক্ষর
দীপঙ্কর দে
কোম্পানী সচিব

স্থান : কলকাতা
তারিখ : ১১-০৭-২০২৫

SBI স্টেট ব্যাঙ্ক অফ ইন্ডিয়া, স্ট্রেসড অ্যাসেটস রিকভারি ব্রাঞ্চ, (এসএআরবি) পুনে : বর্ধমান বিল্ডিং, সেকেন্ড ফ্লোর, সেভেন লাভস চক, শংকরশেঠ রোড, পুণে-৪২, ফো : ০২০-২৬৪৪৬০৪৩/৪৪ ইমেল : sbi.10151@sbi.co.in

স্থাবর সম্পত্তিগুলি বিক্রয়ের জন্য ই- নিলাম বিক্রয় বিজ্ঞপ্তি

সিকিওরিটাইজেশন অ্যান্ড রিকনস্ট্রাকশন অফ ফিনান্সিয়াল অ্যাসেটস অ্যান্ড এনফোর্সমেন্ট অফ সিকিওরিটি ইন্টারেস্ট অ্যাক্ট, ২০০২ সহ সিকিউরিটি ইন্টারেস্ট (এনফোর্সমেন্ট) রুলস ২০০২-এর ৮(৬)নং রুলের শর্ত অনুযায়ী স্থাবর সম্পত্তিগুলির বৈদ্যুতিন নিলামের মাধ্যমে বিক্রয়ের বিজ্ঞপ্তি।
এতদ্বারা জনসাধারণ এবং বিশেষভাবে ঋণগ্রহণকারী (দের) ও জামিনদার (দের) উদ্দেশ্যে বিজ্ঞাপিত করা হচ্ছে যে, সিকিওরড ক্রেডিটরের কাছে বন্ধক/মূল্যায়িত রাখা নিম্নে বর্ণিত স্থাবর সম্পত্তি যেটি সিকিওরড ক্রেডিটর স্টেট ব্যাঙ্ক অফ ইন্ডিয়ার অনুমোদিত আধিকারিক ফিজিক্যাল অধিগ্রহণ করে নিয়েছে সেটি "যেখানে যেমন সেখানে তেমন" ও "যেটা যেমন সেটা তেমন" ও "সেটি যেমনই হোক"-এই ভিত্তিতে ১৯.০৮.২০২৫ তারিখে দুপুর ১২টা থেকে ১৯.০৮.২০২৫ তারিখে বিকেল ৩টের মধ্যে নিম্নে বর্ণিত অর্থ পরিশোধ পেতে বিক্রি করা হবে, স্টেট ব্যাঙ্ক অফ ইন্ডিয়া (সিকিওরড ক্রেডিটর) এর পক্ষ থেকে নিম্নলিখিত সুনির্দিষ্ট ঋণগ্রহণকারী(গণ) ও জামিনদার(গণ) এর ক্ষেত্রে :

ঋণগ্রহণকারী(গণ) এর নাম	আদায় প্রদত্ত বকেয়া	স্থাবর সম্পত্তিগুলির বিবরণ	সংরক্ষিত মূল্য (টাকায়)	অগ্রিম মূল্য (ইমডি) (টাকায়)	সম্পত্তি পরিদর্শনের দিন ও সময়
মি. অরিন্দম ভট্টাচার্য ঠিকানা : বি-৩৮, বন্দীপুর রোড, অগ্রণী ক্লাবের কাছে, মিস্ত্রিপাড়া, কলকাতা ৭০, ৭০০০৭০	০২.০৩.২০২৩ তারিখের হিসাবে ১৮,৪৩,২৭৪.০০ টাকা (আঠেরো লাখ তেতাল্লিশ হাজার দুশো চুয়াত্তর টাকা মাত্র) সহ পরের সুদ, আনুষঙ্গিক ব্যয় ও কষ্ট সহ	প্রপার্টি আইডি : SBIN101510520252 জারবিয়া হিঞ্জেওয়াদি বিল্ডিং নং এ-১২ এর থার্ড ফ্লোরে ৩৮.৫৫ বর্গমিটার অর্থাৎ ৪১৫ বর্গফুট এলাকা যুক্ত ফ্ল্যাট নং ৩০১ এর সমস্ত অংশ, যেটি সার্ভে নং ৩৮/২, ৩৮/৩, ৩৯, ৫৬ ও ৫৭, অনুমোদিত লে আউট প্লট নং ২২আর থেকে ২৯আর, মৌজে দত্তওয়াড়ি (নেরে), তালুকা মুলসি, জেলা : পুণে : ৪১০৫০৬-তে রয়েছে। অধিগ্রহণ : ফিজিক্যাল	১৮,১৮,০০০.০০ টাকা (আঠেরো লাখ আঠেরো হাজার টাকা মাত্র)	১,৮১,৮০০.০০ টাকা (এক লাখ একাশি হাজার আটশো টাকা মাত্র)	২২.০৭.২০২৫ তারিখে ১২ : ০০ : ০০ থেকে ২২.০৭.২০২৫ তারিখে ১৫ : ০০ : ০০ পর্যন্ত

ই-নিলামটি ব্যাঙ্ক কর্তৃক অনুমোদিত সার্ভিস প্রোভাইডার মেসার্স এসআইএসএল ইনফোটেক প্রা. লি. এর ওয়েব পোর্টাল **https://baanknet.com**-তে সম্পন্ন হবে। ইচ্ছুক বিডারদের নিশ্চিত করতে হবে যে তাঁরা ই-নিলাম ওয়েবসাইটে তাঁদেরকে নিবন্ধিত করেছেন ও **https://baanknet.com**-তে প্রদত্ত নির্দেশিকা অনুযায়ী সার্ভিস প্রোভাইডারের তৈরি ভার্চুয়াল ওয়ালেটে টাকা জমা করবেন।
ইচ্ছুক বিডার যাঁদের লগ ইন আইডি এবং পাসওয়ার্ড তৈরি, ডেটা আপলোড, বিড নথি জমা, ট্রেনিং/ডেমনস্ট্রেশন, অনলাইন ইন্টার-সে বিডিং শর্তাবলী ইত্যাদিতে সাহায্য প্রয়োজন তাঁরা **https://baanknet.com** ওয়েবসাইটটি দেখতে পারেন।
বিক্রয়ের বিস্তারিত শর্তাবলী জানতে অনুগ্রহ করে স্টেট ব্যাঙ্ক অফ ইন্ডিয়া, সিকিওরড ক্রেডিটরের ওয়েবসাইট **https://www.sbi.co.in/** ও ওয়েবসাইট **https://baanknet.com**-এ প্রদত্ত লিঙ্কটি দেখুন।
সারফায়েসি অ্যাক্ট এর রুল ৮(৬) এর অধীনে সংবিধিবদ্ধ বিজ্ঞপ্তি : এটি সারফায়েসি অ্যাক্ট ২০০২ এর রুল ৮(৬) এর আওতায় উপরোক্ত তারিখে উপরোক্ত ঋণ পরিশোধ করতে সিকিওরড সম্পত্তিগুলি নিলামের মাধ্যমে বিক্রির জন্য ঋণগ্রহণকারী/জামিনদারের উদ্দেশ্যে এক বিজ্ঞপ্তি।
অনুসন্ধান : অভয় ডি সোমকুওয়াড়, চিফ ম্যানেজার, মোবাইল নং ৮২৭৫১৩০৬৮৪, প্রবীণ দলভি, মোবাইল নং ৯৮৮১১১০৮০৯

তারিখ : ১০.০৭.২০২৫
স্থান: পুণে

স্বাঃ/- অনুমোদিত আধিকারিক
স্টেট ব্যাঙ্ক অফ ইন্ডিয়া

FEDERAL BANK YOUR PERFECT BANKING PARTNER

অফিস অফ দ্য ক্লাস্টার হেড
বর্ধমান ক্লাস্টার

জনবিজ্ঞপ্তি
সোনার ব্যক্তিগত বিক্রয় বিজ্ঞপ্তি

এতদ্বারা বিজ্ঞাপিত করা হচ্ছে যে, সোনার অলংকারগুলি, যেগুলি নিম্নলিখিত শাখার কাছে বন্ধক দেওয়া ছিল, যাদের ঋণগ্রহণকারীরা সংশ্লিষ্ট বকেয়া প্রদান করতে ব্যর্থ হয়েছেন, সেগুলি পুনরুদ্ধার করার জন্য ২৯ জুলাই, ২০২৫ তারিখে অথবা অন্য কোনো তারিখে শাখাতে ফেডারেল ব্যাঙ্ক লিমিটেড-এর দ্বারা ব্যক্তিগত ভাবে বিক্রি করা হবে। আরো তথ্যের জন্য সংশ্লিষ্ট শাখায় যোগাযোগ করতে পারেন।

নাম ও অ্যাকাউন্ট নম্বর	শাখার নাম ও যোগাযোগের বিবরণ
মনোজ কান্ত - ১৬০৬৬৪০০০৩৪১৬৪, বৈদ্যনাথ লো - ১৬০৬৬১০০০০৫৯৮৫ বৈদ্যনাথ লো - ১৬০৬৬৪০০০৩৪১৭২, সোমা ব্যানার্জী - ১৬০৬৬৪০০০৩৪১৮০ অমিত কুমার - ১৬০৬৬৪০০০৩৪২২২, অমিত কুমার - ১৬০৬৬৪০০০৩৭৬৬২ ফারহা নাজ - ১৬০৬৬৪০০০৩৪৩১৩, মঞ্জু শর্মা - ১৬০৬৬৪০০০৩৪৩২১, বিবেকানন্দ পান্ডে - ১৬০৬৬৪০০০৩৭৯৬৯, অভিজিৎ দাস - ১৬০৬৬১০০০০৫৯০২ অভিজিৎ দাস ১৬০৬৬৪০০০৩৪৩৩৯, রাধা ছেত্রী - ১৬০৬৬৪০০০৩৪৮০০ রাধা ছেত্রী - ১৬০৬৬৪০০০৩৪৮২৬, ১৬০৬৬৪০০০৩৪৮৩৪ জাফর আলম - ১৬০৬৬৪০০০২৬৯২১, ববিতা ঝা - ১৬০৬৬৪০০০৩৪৮৫৯ সেখ বাবুরুদ্দিন - ১৬০৬৬৪০০০৩৪৯৪১, তন্নু ঝা - ১৬০৬৬৪০০০৩৪৯৬৬ তন্নু ঝা - ১৬০৬৬৪০০০৩৪৯৭৪, অনির্বান মুখার্জী - ১৬০৬৬৪০০০৩২১০১ নিতু কৌর - ১৬০৬৬৪০০০৩৩৮৫১, পাপ্পু রাউত - ১৬০৬৬৪০০০৩৩৭১১ পুনাম চৌধুরী - ১৬০৬৬৪০০০৩৩৮৩৬, ১৬০৬৬৯০০০২০৩৪ প্রিয়াঙ্কা যাদব - ১৬০৬৬৪০০০৩২৩০৯	শাখার নাম : আসানসোল, পার্বতী শপিং আর্কেড, ব্লক-সি, আশ্রম মোড়, জি.টি রোড (পূর্ব), আসানসোল, বর্ধমান, পশ্চিমবঙ্গ - ৭১৩৩০৩, মোবাইল - ৯৩৮২১২৫৭৭৮
সেখ কামালউদ্দিন - ২১৮৬৬৯০০০০২৫৬৮, ২১৮৬৬৪০০০৫৬৬১৯ বিজলী ঘোষ - ২১৮৬৬৪০০০৫৬৫২৮, সঞ্জিৎ সাউ - ২১৮৬৬৪০০০৫৪২১৮ সঞ্জিৎ সাউ - ২১৮৬৬৪০০০৫৪২৯১, মুসারত খাতুন - ২১৮৬৬৪০০০৫৪১৪৩ মহ. গিয়াসুদ্দিন সেখ - ২১৮৬৬৪০০০৫৩৬০৮, মির্জা সফিউর - ২১৮৬৬৪০০০৪৯১১৯ মির্জা সফিউর - ২১৮৬৬৪০০০৪৯১২৭	শাখার নাম : বর্ধমান, ৭৪ বি.সি. রোড, কালিতলা, পূর্ব বর্ধমান জেলা, পশ্চিমবঙ্গ - ৭১৩১০১ মোবাইল : ৯১৬৩৯৯৩৮৩৭
তাপস মণ্ডল - ২২৫২৬৪০০০৮০৮৮১, সিরাজউদ্দিন মণ্ডল - ২২৫২৬১০০০০৯৭৩ সিরাজউদ্দিন মণ্ডল - ২২৫২৬৪০০০৬৩১৯২, ২২৫২৬৪০০০৮০৫১৯, ২২৫২৫৫০০০২১৮৭৮ তহিবুল্লা মল্লিক - ২২৫২৫৫০০০২২২৯৮, ২২৫২৬৪০০০৬৬০১৩, ২২৫২৬৪০০০৮১০২০ রাউপ মল্লিক - ২২৫২৬৪০০০৬১৯১৫, ২২৫২৬৪০০০৫৫৭০১ নূর জামাল সেখ - ২২৫২৬৪০০০৮০৫৩৫, ২২৫২৬৪০০০৫৬২৫৩ সোফিকুল সেখ - ২২৫২৫৫০০০২৭৫৪৫, ২২৫২৬৪০০০৮১৪১৮, ২২৫২৬৪০০০৭১১৪৬ সোফিকুল সেখ - ২২৫২৬১০০০০৮৮২৮, সেখ গোলাম মোর্তজা - ২২৫২৬৪০০০৭৮৫১৩ সেখ গোলাম মোর্তজা - ২২৫২৬৪০০০৫২৮৭২, সুজাউল মণ্ডল - ২২৫২৬৪০০০৬৯১৬৫ নঈয়াম সেখ - ২২৫২৬৪০০০৮১০৪৬, সুস্মিতা দাস - ২২৫২৬৪০০০৮০০০৬ পিযুষ রায় - ২২৫২৬৪০০০৭২৬১৫, মজিনুল সেখ - ২২৫২৬১০০০০২০১১ মজিনুল সেখ - ২২৫২৬৪০০০৬৫২৪৭, ২২৫২৬৪০০০৬৫৬৫০ কৌশিক পান - ২২৫২৬৪০০০৭২৭০৬, জামিরুল হক মোল্লা - ২২৫২৫৫০০০২১৫২২ জামিরুল হক মোল্লা - ২২৫২৬৪০০০৮০৭০৯, ২২৫২৬১০০০০১১৩৮	শাখার নাম : বামুরিয়া বামুরিয়া বাজার (কুলজোড়া এসকেইউএস-এর বিপরীতে), দেওয়া নেওয়া মোড়, গ্রাম পঞ্চায়েত পিলান মন্তেশ্বর, পূর্ব বর্ধমান পশ্চিমবঙ্গ, পূর্ব বর্ধমান, পশ্চিমবঙ্গ - ৭১৩৪২২, মোবাইল - ৯৬৩৫৬৯৪৫৮৫
রাহুল খেতো - ২২১২৬৪০০০৭৩১৮২, অপর্ণা ভৌমিক - ২২১২৬৪০০০৭৪৬৯৩ সৌমা মণ্ডল - ২২১২৬৯০০০০০৮৬৭, ২২১৩৬৯০০০০০৬২৭ আশিষ কুমার সামন্ত - ২২১২৬৯০০০০০৯০৯, ২২১২৬৪০০০৭৭৭৫৩ তরুণ মণ্ডল - ২২১২৬১০০০০৩৮৪৪, ২২১২৬৪০০০৭৫৫৭৫, ২২১২৬৪০০০৭৮৩৯৭ তরুণ মণ্ডল - ২২১২৬৯০০০০০৯১৭, মানিক মণ্ডল - ২২১২৬৪০০০৭৫০৭০ একরামুল হোসেন মিদ্দ - ২২১২৬১০০০০৪৭১৯ প্রশান্ত অধিকারি - ২২১২৬১০০০০২৪৭৩, ২২১২৬৪০০০৭৫৭৪০ পার্থ সারথি বক্সি - ২২১২৬১০০০০৪৩১৩	শাখার নাম : তারকেশ্বর মাতাজি ভবন, টিসি রোড, তারকেশ্বর, হুগলী, পশ্চিমবঙ্গ, হুগলী, পশ্চিমবঙ্গ - ৭১২৪১০, মোবাইল : ৮৭৭৭৮৭৩২৮৪
উৎপল রায় - ২২১৩৫৫০০০২২৬১৯, ২২১৩৬৪০০০৬৭৩২৪ সেখ রাবিয়াল আলি - ২২১৩৬৪০০০৬১৯৪৭, ২২১৩৬৪০০০৬৭৫১৪ জিয়াউর রহমান খান - ২২১৩৫৫০০০২০৭৫৩, ২২১৩৬৪০০০৭০৭৭৩ রাজিবুল ইসলাম - ২২১৩৫৫০০০২০৮৭৮, ২২১৩৬৪০০০৭১৬০৭ তন্ময় পাইন - ২২১৩৫৫০০০২৫৯৪৩, ২২১৩৬৪০০০৬৮০৮২ সিতানাথ মণ্ডল - ২২১৩৬৪০০০৩৪৩০৮, নাসেরা বিবি - ২২১৩৬৪০০০৩৮৭৩৯ স্বপন ঘোষ - ২২১৩৫৫০০০২১৩০৬, ২২১৩৬৪০০০৬৮২৮০ সেখ বাবলু আলি - ২২১৩৫৫০০০২৭২৩৮, ২২১৩৬১০০০০১৮০৫, ২২১৩৬১০০০০৩৩০৬ সেখ বাবলু আলি - ২২১৩৬১০০০০৬৮৫৩, ২২১৩৬১০০০০৬৮৬১, ২২১৩৬১০০০০৬৮৭৯ সেখ বাবলু আলি - ২২১৩৬৪০০০৪৫৮৮২, প্রবীর পাকরে - ২২১৩৬১০০০০৩০১৭ প্রবীর পাকরে - ২২১৩৬৪০০০৬৮৮১৯ নারায়ণ চন্দ্র মাল - ২২১৩৬৪০০০৬১৮৪৮ আয়েশা জুলেখা খাতুন - ২২১৩৬৪০০০৬৬৭২২ জিয়াউর রহমান খান - ২২১৩৬৪০০০৭০৫০০ সুমন্ত পাল -২২১৩৬১০০০০০৬৭৪, আপসোনা খাতুন - ২২১৩৬১০০০০৪৫২৮ আপসোনা খাতুন - ২২১৩৬৪০০০৫৫৯৯৮ মহাসীন চৌধুরী - ২২১৩৬৪০০০৫০০২৩ সমরেশ ঘোষ - ২২১৩৬১০০০০৪৫৬৯, ২২১৩৬৪০০০৬৭৬০৫ গুনধর আদক - ২২১৩৬১০০০০২৪০৭, ২২১৩৬৪০০০৬৭২৩৩, ২২১৩৬৪০০০৬৮৬৯৪ সেখ মঈনুল হাসান - ২২১৩৬৪০০০৭১৩২৬	শাখার নাম : আরামবাগ, প্লট নং- ১০১০, মৌজা : পশ্চিমকৃষ্ণপুর, জেএল নং - ৩৭, আরামবাগ, হুগলী, পশ্চিমবঙ্গ, হুগলী, পশ্চিমবঙ্গ - ৭১২৬০১, মোবাইল : ৯০০২৯৯৩৬০৬
অনুপ মুখার্জী - ২০১৫৬৪০০১৮৫৪৭২, ২০১৫৬৪০০১৭৬৯৭৬ অমিত কুমার ঘোষ - ২০১৫৬৯০০০০১২১১, ২০১৫৬৪০০১৮৬১১৬, ২০১৫৫৫০০০৩৯০১৯ অমিত কুমার ঘোষ - ২০১৫৬৪০০১৭৯৮৭১, ২০১৫৬৯০০০০২৭৫৫ সুজিৎ ঘোষ - ২০১৫৬৪০০১৪৫১৫৩, সামিউল মণ্ডল - ২০১৫৬৪০০১৮৫৩৬৫ সেখ কুতুবউদ্দিন- ২০১৫৬৪০০১৭৯১১১, ২০৫৫৫০০০৪১৪৯৪ মনিরুদ্দিন মোল্লা - ২০১৫৬৪০০১২০৭৬৮, ২০১৫৫৫০০০৫০৮২৬ সুমন্ত বসু - ২০১৫৫৫০০০৪১০১৫, ২০১৫৬৪০০১৮২৫৫২ সৌরভ ঘোষ - ২০১৫৬৪০০১৩৭১২৭, ২০১৫৬৪০০১৩৯২৭১ তুহিন কান্তি ঘোষ - ২০১৫৬৪০০১৬৬৮৬০, ২০১৫৫৫০০০৩৮১৭৭, ২০১৫৬৪০০১৭৬৪৫৫ সৌমজিৎ কুন্ডু - ২০১৫৬৪০০১৬৭০৩৩, ২০১৫৬৯০০০০০৭৮৩, ২০১৫৫৫০০০৩৪৭৩৯ সাজাহান মণ্ডল - ২০১৫৬৪০০১৭০১৪৪, ২০১৫৬৯০০০০০৫৪৪, ২০১৫৬৪০০১৮১৪৭১ সাজাহান মণ্ডল - ২২৩৭৬৪০০০৫৬৯৪৯, রাজা ধারা - ২০১৫৬৪০০১৫৪২৫৪ রাজা ধারা - ২০১৫৬৪০০১৪৯৯৩২, সেখ মাহসিন - ২০১৫৬৪০০১৭০৯১২ সেখ আহাদ আলি - ২০১৫৬৪০০১৮৫২৫৮, তোতোন ঘরুই - ২০১৫৬৪০০১৭৯৭১৫	শাখার নাম : মেমারী, হসপিটাল মোড়, ওয়ার্ড নং- ৮, মেমারী, বর্ধমান, পশ্চিমবঙ্গ - ৭১৩১৪৬, মোবাইল : ৯৫৪৭৬১৪০২৭
বিনয় চন্দ্র মণ্ডল - ২১৪৯৬৪০০০২৫৪৬১ নিতীশ কুমার - ২১৪৯৬৪০০০২৫৪২০, তন্ময় বিড - ২১৪৯৬৪০০০২৫৮৮৩ তন্ময় বিড - ২১৪৯৬৪০০০২৫৮৯১, সোমা সামন্ত - ২১৪৯৬৪০০০২৫৬৯৩ শোভন ব্যানার্জী - ২১৪৯৬১০০০০১৬১৪, ২১৪৯৬১০০০০১৭৬২, ২১৪৯৬৪০০০২৩৫২৪ আশাদ আলি মল্লিক - ২১৪৯৬৪০০০২৫৫০৩	শাখার নাম : দুর্গাপুর, ২/২, নাচন রোড, বেনাচিতি, দুর্গাপুর, পশ্চিমবঙ্গ - ৭১৩২১৩ মোবাইল : ৯৮৮৩২০৭৫২৭

তারিখ : ১২.০৭.২০২৫

স্বাক্ষর/-, অনুমোদিত আধিকারিক
দ্য ফেডেরাল ব্যাঙ্ক লিমিটেড-এর পক্ষে